ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৩৮

খোয়াই, ৫ মে, ২০২৫

**খোয়াই জেলায় ২৩টি নতুন অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণ করা হবে**

জেলা প্রশাসনের উদ্যোগে খোয়াই জেলার বিভিন্ন আইসিডিএস প্রজেক্ট এলাকায় ২৩টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণ করা হবে। সক্ষম অঙ্গনওয়াড়ি ও পোষণ ২.০ স্কিমে প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণে ১২ লক্ষ টাকা করে ব্যয় হবে। এতে কল্যাণপুর আইসিডিএস প্রজেক্টে ৪টি, খোয়াই প্রজেক্টে ৫টি, মুঙ্গিয়াকামী প্রজেক্টে ৪টি, পদ্মবিল প্রজেক্টে ৩টি, তেলিয়ামুড়া প্রজেক্টে ৫টি ও তুলাশিখর প্রজেক্টে নির্মাণ করা হবে ২টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র। খোয়াই জেলাশাসক কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

******